অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/19/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্টেট পার্ক, বন ও ঐতিহাসিক সাইট অংশীদার সংগঠনগুলোর জন্য 450,000 মার্কিন ডলারের অনুদান ঘোষণা করেন

স্থানীয় অংশীদারদের গ্রান্টস লিভারেজ প্রোগ্রামিং এবং তহবিল সংগ্রহের প্রচেষ্টা

অনুদানসমূহকে 150,000 মার্কিন ডলারেরও বেশি বেসরকারি ও স্থানীয় অর্থায়নের সাথে সামঞ্জস্য করা হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেট পার্ক, ঐতিহাসিক এলাকা ও সরকারি জায়গাসমূহের তত্ত্বাবধান ও উন্নয়নের কাজে নিয়োজিত 22টি সংস্থার জন্য 450,000 মার্কিন ডলারের অনুদান ঘোষণা করেছেন। এই সকল নিয়োজিত দল ক্যাপিটাল প্রজেক্টসমূহের জন্য বেসরকারি তহবিল সংগ্রহ করে, শিক্ষাগত প্রকল্পসমূহ পরিচালনা করে এবং বিশেষ বিশেষ ইভেন্ট আয়োজনের মাধ্যমে পার্কসমূহের গণ ব্যবহারের উন্নয়ন ঘটায়। পার্ক অ্যান্ড ট্রেইল পার্টনারশিপ (Park and Trail Partnership) প্রোগ্রামের অনুদানসমূহ স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন (Office of Parks, Recreation, and Historic Preservation) সহ পার্কস অ্যান্ড ট্রেইলস নিউ ইয়র্ক নামক একটি স্টেটব্যাপী অলাভজনক দল কর্তৃক পরিচালিত হয়।

"নিউ ইয়র্কের স্টেট পার্ক, ট্রেইল, বনাঞ্চল এবং ঐতিহাসিক এলাকাসমূহ বিশ্ব-মানের আউটডোর বিনোদন ও সাংস্কৃতিক সুযোগসুবিধা প্রদান করে, পর্যটনে সহায়তা করে এবং স্থানীয় অর্থনীতির প্রবৃদ্ধি ঘটায়", **গভর্নর কুওমো বলেন**। "এই সকল অংশীদার দল আমাদের স্টেট পার্কসমূহের অব্যাহত সাফল্যের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ এবং আজকের অনুদানসমূহ সামনের প্রজন্মসমূহের জন্য একটি অপেক্ষাকৃত ভালো পার্ক ব্যবস্থা তৈরির জন্য প্রকল্প পরিচালনা এবং এই সকল সংস্থার তহবিল সংগ্রহের প্রচেষ্টায় সহায়তা করবে।"

"পৃথিবীর সবচেয়ে সুন্দর কিছু পার্ক ও কিছু আইকনিক ঐতিহাসিক এলাকা নিউ ইয়র্কে অবস্থিত", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন**। "এই অনুদান অর্থায়নের মাধ্যমে আমরা পর্যটনের প্রতি আমাদের অঙ্গীকার বৃদ্ধি করতে এবং ভবিষ্যতে তাদের সফলতা নিশ্চিত করতে সেগুলোতে বিনিয়োগ করা অব্যাহত রাখছি।"

পরিবেশগত সুরক্ষা তহবিলের (Environmental Protection Fund) মাধ্যমে অর্থায়নকৃত পার্ক অ্যান্ড ট্রেইল পার্টনারশিপ প্রকল্পের অনুদানসমূহকে 150,000 মার্কিন ডলারের বেশি বেসরকারি ও স্থানীয় অর্থায়নের সাথে সামঞ্জস্য করা হবে। পার্ক অ্যান্ড ট্রেইল পার্টনারশিপ প্রকল্পের অনুদানসমূহ প্রণয়নের উদ্দেশ্য:

- নিউ ইয়র্ক স্টেট এর পার্ক, ট্রেইল, ঐতিহাসিক এলাকা ও সরকারি জায়গাসমূহ সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ, উপস্থাপন, ব্যবস্থাপনা ও উন্নয়নের বৃদ্ধি ঘটানো;

- সেই সকল অলাভজনক সংস্থার স্থিতিশীলতা, কার্যকারিতা, উৎপাদনশীলতা, স্বেচ্ছাশ্রম এবং তহবিল সংগ্রহের সক্ষমতা বৃদ্ধি করা যারা নিউ ইয়র্ক স্টেটের পার্ক, ট্রেইল ও স্টেটের ঐতিহাসিক এলাকাসমূহের উন্নয়ন, ব্যবস্থাপনা ও সহায়তা করে; এবং
- স্টেটব্যাপী সংযুক্ত পার্ক, ট্রেইল ও গ্রিনওয়েসমূহের উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে পর্যটন ও আউটডোর বিনোদনের সুবিধাবলীর অর্থনৈতিক উন্নয়ন সাধন করা।

গ্রহীতাগণ, অঞ্চলভিত্তিক:

ক্যাপিটাল রিজিয়ন:

- **ফ্রেন্ডস অব বেনিংটন ব্যাটলফিল্ড (Friends of Bennington Battlefield):** ব্যাখ্যামূলক নিদর্শনসমূহের নকশা, সৃজন ও স্থাপনের জন্য 8,500 মার্কিন ডলার, যেসব নিদর্শনে যুদ্ধের সরাসরি রেকর্ডসমূহ অন্তর্ভুক্ত থাকবে এবং একাধিক প্রেক্ষিতে অঙ্কন করা হবে।
- **ফ্রেন্ডস অব ফাইভ রিভারস (Friends of Five Rivers):** দাতাগণের একটি টেকসই ভিত্তি গড়ে তুলতে এবং সংস্থার অর্থায়ন ও স্বেচ্ছাসেবামূলক সম্পদসমূহ বিস্তৃত করতে একটি আউটরিচ অ্যান্ড ডেভেলপমেন্ট সমন্বয়ক ভাড়া করার জন্য 31,500 মার্কিন ডলার।
- **ফ্রেন্ডস অব মরিউ লেক স্টেট পার্ক (Friends of Moreau Lake State Park):** আটটি বোট স্টোরেজ র‍্যাক এবং কায়াক লঞ্চ নির্মাণের জন্য জিনিসপত্র ও উপকরণসমূহ ক্রয় করার জন্য 5,150 মার্কিন ডলার যা গাছের ক্ষতিকে হ্রাস করবে।

সেন্ট্রাল নিউ ইয়র্ক:

- **চিটেনাংগো ল্যান্ডিং ক্যানেল বোট মিউজিয়াম (Chittenango Landing Canal Boat Museum):** ওল্ড এরি ক্যানাল ট্রেইল ও ভিলেজ অফ ছিটেন্যাংগো ক্রিকওয়াক এর জাঙ্কচারে আউটডোর বিনোদন ও কমিউনিটি অভ্যর্থনা এলাকার জন্য সম্পদের উন্নয়ন সৃষ্টি করতে এবং একটি মার্কেটিং প্লান করার জন্য 23,800 মার্কিন ডলার, যা এই এলাকার অংশ পুনঃব্যবহৃত হওয়াকে পুনরায় ভাবার সুযোগ দেয়।
- **কাউন্সিল অব পার্ক ফ্রেন্ডস (Council of Park Friends):** এটির কর্পোরেট নাম অফিসিয়ালভাবে পরিবর্তন করা এবং সদস্য বৃদ্ধি ও একটি টেকসই আয় বজায় রাখতে সহায়তা করতে প্রচার সংক্রান্ত উপকরণসমূহ ব্যবহার করে সদস্যপদ ক্যাম্পেইন পরিচালনার জন্য 5,083 মার্কিন ডলার।

ফিঙ্গার লেকস:

- **ফ্রেন্ডস অব গানন্দগান (Friends of Ganondagan)**: গানন্দগান স্টেট ঐতিহাসিক এলাকায় বছরব্যাপী বর্ধিত উদ্ভাবনী প্রকল্পসমূহে সহায়তার জন্য একজন প্রকল্প সহায়ক নিয়োগ করার জন্য 22,630 মার্কিন ডলার।
- **ফ্রেন্ডস অব লেটওয়ার্থ স্টেট পার্ক (Friends of Letchworth State Park):** লেটওয়ার্থ স্টেট পার্কে একটি সিভিলিয়ান কনজারভেশন কর্পস (Civilian

Conservation Corps, CCC) লিগ্যাসি পাথওয়ে প্রকল্পসহ ব্যাখ্যামূলক, নির্দেশনামূলক ও অবকাঠাকমো শনাক্তকারী সিগনেজের সমর্থনে 13,888 মার্কিন ডলার।

লং আইল্যান্ড:

- **দ্য কামসেট ফাউন্ডেশন (The Caumsett Foundation):** সাইটের ব্যাখ্যা, পথপ্রদর্শন ও প্রকল্প পরিচালনার উপর কেন্দ্র করে দর্শনার্থী অভিজ্ঞতা সমৃদ্ধ করার জন্য কাউমসেট স্টেট হিস্টোরিক পার্ক প্রিজার্ভে দর্শনার্থী দোকান/কিওস্ক পুনর্বাসনের জন্য 34,557 মার্কিন ডলার।

মিড-হাডসন:

- **কালভার্ট ভক্স প্রিজারভেশন অ্যালায়েন্স (Calvert Vaux Preservation Alliance):** পুন:স্থাপনের পরবর্তী ধাপসমূহ নির্ধারণ করতে এবং নিউ ইয়র্কের স্টেটসবার্গে মিলস নরি স্টেট পার্কে অবস্থিত পয়েন্টের (The Point) টেকসই ও সামঞ্জস্যপূর্ণ পুন:ব্যবহারের জন্য একটি ঐতিহাসিক রক্ষণাবেক্ষণ আর্কিটেকচার ফার্ম বজায় রাখার জন্য 28,000 মার্কিন ডলার।
- **ফোর্ট মন্টগোমারি ব্যাটল সাইট অ্যাসোসিয়েশন (Fort Montgomery Battle Site Association):** ফোর্ট মন্টগোমারি ব্যাটল সাইট এর ট্রেইল সিস্টেম মেরামত ও প্রতিস্থাপনের জন্য 50,000 মার্কিন ডলার যা এই এলাকার স্কুল দলসমূহ, পরিবারবর্গ, বিভিন্ন সংস্থা এবং ব্যক্তিবর্গসহ বার্ষিক 35,000 দর্শক প্রবেশের সুযোগ প্রদান করবে।
- **ফ্রেন্ডস অব ফেনস্টক অ্যান্ড হাডসন হাইল্যান্ডস স্টেট পার্কস (Friends of Fahnestock and Hudson Highlands State Parks):** নর্থগেট/কর্নিশ স্টেট রুইনস এর চারপাশে ঐতিহাসিক সিগনেজ যুক্ত করা সহ হাডসন হাইল্যান্ড এর দর্শনার্থীদেরকে অবকাশ যাপনের জায়গা ও পার্কের ইতিহাস জানার সুযোগ প্রদান করার জন্য 21,500 মার্কিন ডলার।
- **লিটল স্টোনি পয়েন্ট সিটিজেনস অ্যাসোসিয়েশন, ইনক. (The Little Stony Point Citizens Association, Inc.):** অধিকতর মৌসুমি কার্যক্রম পরিচালনায় সক্ষম করতে ভলান্টিয়ার সেন্টারের জন্য একটি শক্তি সাশ্রয়ী হিট পাম্প ক্রয় করার জন্য 11,889 মার্কিন ডলার যেটি লিটল স্টোনি পয়েন্টে স্বেচ্ছাসেবীদের উপস্থিতি বৃদ্ধি করবে। নতুন ডেটাবেস ও ক্যালেন্ডার সফটওয়্যার স্বেচ্ছাসেবী সম্পৃক্ততা ও প্রশাসনকে শক্তিশালী করবে।
- **ওয়াকওয়ে অভার দ্য হাডসন (Walkway Over The Hudson):** বহুমুখী, বছরব্যাপী তহবিল সংগ্রহ ও মার্কেটিং ক্যাম্পেইনে অর্থায়ন করার জন্য 14,500 মার্কিন ডলার যেটি এম্পায়ার স্টেটের রেইল ট্রেইলের একটি গুরুত্বপূর্ণ সংযোগকারী হিসেবে ওয়াকওয়ের স্ট্যাটাসের সুবিধা গ্রহণ করে।

মোহক ভ্যালি:

- **ফ্রেন্ডস অব জনসন হল (Friends of Johnson Hall):** স্যার উইলিয়াম জনসনের 1763 সালের বাড়ির সেন্ট্রাল হলের আঠারো শতকের ওয়ালপেপার প্রতিস্থাপনের জন্য 7,245

মার্কিন ডলার যেটি প্রাচীন শক্তির এবং জনসন কর্তৃক প্রতিনিধিত্বকারী ইংরেজ রাজাদের কর্তৃত্বের উপর গুরুত্বারোপ করে।

নর্থ কান্ট্রি:

- **আজুর মাউন্টেন ফ্রেন্ডস (Azure Mountain Friends):** ট্রেইলকে হাইকারদের জন্য নিরাপদ করতে, চূড়ার উদ্ভিদকূলের ক্ষতি হ্রাস করতে এবং একটি অধিকতর প্রাকৃতিক চূড়ার পরিবেশ পুন:স্থাপন করতে সাউথইস্টের উন্মুক্ত পাহাড়চূড়া ও ফায়ার টাওয়ারের মধ্যকার চূড়ার ক্ষয় স্থিতিশীল করতে 13,500 মার্কিন ডলার।
- **জন ব্রাউন লাইভস (John Brown Lives):** একটি চিলড্রেনস কর্নার, বিশেষায়িত থিম ট্যুর, ড্রিমিং অব টিমবাকটো এক্সিবিট এর জন্য একটি অডিও স্থাপন, ফ্রেন্ডস গ্রুপ কিসোক এবং বিশেষ কমিউনিটি-বিল্ডিং ইভেন্টসমূহ সহ দর্শনার্থীদের অভিজ্ঞতা বৃদ্ধি ও বিস্তৃত করার জন্য 31,200 মার্কিন ডলার।
- **উইনোনা ফরেস্ট রিক্রিয়েশন অ্যাসোসিয়েশন (Winona Forest Recreation Association):** অতিরিক্ত 5 মাইল ট্রেইল পুনর্বাসন, ট্রেইলহেড সিগনেজ বৃদ্ধি এবং নতুন একটি পিকনিক প্যাভিলিয়ন নির্মাণের জন্য 36,182 মার্কিন ডলার। গ্রুমিং ইমপ্লিমেন্টস সহ একটি স্নো মেশিন ক্রয় করার ফলে ট্রেইলের শীতকালীন ব্যবহার উন্মুক্ত হবে।

সাউদার্ন টিয়ার:

- **ফ্রেন্ডস অব চেনাংগো ভ্যালি স্টেট পার্ক (Friends of Chenango Valley State Park):** একটি ইয়ুথ লিগ বল ফিল্ড এর চারপাশে বেড়া দেওয়ার কাজ সম্পন্ন করার জন্য 18,000 মার্কিন ডলারের তহবিল স্থানীয় যুব সম্প্রদায় ও তাদের পরিবারবর্গকে প্রদান করা হবে।
- **ফ্রেন্ডস অব রজারস (Friends of Rogers):** রজারস ইনভাইরোনমেন্টাল এডুকেশন সেন্টারের উন্নয়নের জন্য একটি পরিষ্কার ও সহজে শনাক্তযোগ্য ব্র্যান্ড ও ছবি তৈরির জন্য একজন ব্র্যান্ডিং কনসালটেন্ট নিয়োগ করার জন্য ও অব্যাহতভাবে 600 একর জায়গাজুড়ে 6 মাইল ট্রেইলে বিনামূল্যে প্রবেশের সুযোগদানের জন্য 10,000 মার্কিন ডলার।

নিউ ইয়র্ক শহর

- **ফ্রেন্ডস অব গ্যান্ট্রি স্টেট পার্ক (Friends of Gantry State Park):** পার্কের জনপ্রিয় বৈশিষ্ট্য হ্যামকসমূহ প্রতিস্থাপনের জন্য এবং পার্শ্ববর্তী এলাকায় প্রচার ও ভলান্টিয়ার কার্যক্রম বৃদ্ধির জন্য 17,000 মার্কিন ডলার।

পশ্চিম নিউ ইয়র্ক:

- **ফ্রেন্ডস অব অ্যালিগেনি স্টেট পার্ক (Friends of Allegany State Park)**: রেড হাউজ সমিল নামক একটি ঐতিহাসিক ভবন যেটি কেবিনের জন্য কাঠ তৈরিতে করত সেটি ও

পার্কের মধ্যকার অন্যান্য অবকাঠামো সংস্কারের জন্য 10,625 মার্কিন ডলার। প্রথম পর্বের মধ্যে রয়েছে অবকাঠামো সুরক্ষিত, স্থিতিশীল ও নিষ্কাশনের সুবিধা।
- **ফ্রেন্ডস অব নক্স ফার্ম (Friends of Knox Farm)**: স্বেচ্ছাসেবী সংস্থাগুলোকে তাদের লক্ষ্যকে ভালোভাবে বাস্তবায়ন করতে ও পার্ককে সহায়তা করার কাজে সাহায্য করতে একজন খণ্ডকালীন নির্বাহী পরিচালক নিয়োগ করার জন্য 40,000 মার্কিন ডলার।

পার্ক ও ট্রেইল অংশীদারিত্ব প্রকল্প গভর্নর কুওমোর স্টেট এর পার্ক ও সরকারি জায়গাসমূহকে আউটডোর বিনোদনের জায়গা হিসেবে পুনরুজ্জীবিত ও পরিবর্তিত করার ঐতিহাসিক অঙ্গীকারকে পরিপূর্ণ করে। গভর্নরের পার্কস 2020 প্রোগ্রাম হলো স্টেটের পার্কগুলির জন্য বেসরকারি ও সরকারি অর্থায়নে 900 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের কয়েক-বছরব্যাপী অঙ্গীকার। 2019-20 নির্বাহী বাজেটে এই উদ্যোগের জন্য 110 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে।

পার্কস অ্যান্ড ট্রেইলস নিউ ইয়র্ক স্টেটব্যাপী পার্ক ও ট্রেইলসমূহের নেতৃস্থানীয় মুখপাত্র যারা 1985 সাল থেকে নিউ ইয়র্কের সকল অধিবাসীদের জীবন ও স্বাস্থ্যের উন্নয়নে কমিউনিটি সংস্থা ও মিউনিসিপ্যালিসিটিসমূহের কাজ করার মাধ্যমে পরিকল্পনা, প্রস্তুত, উন্নয়ন এবং সমগ্র স্টেটের সবার ব্যবহার ও উপভোগের জন্য পার্ক, গ্রিনওয়ে ও ট্রেইলসমূহের ক্রমবর্ধমান নেটওয়ার্ক রক্ষা করার জন্য নিয়োজিত।

পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক রক্ষণাবেক্ষণের ভারপ্রাপ্ত অফিসের কমিশনার এরিক কুল্লেসেইড বলেন, "নিউ ইয়র্ক স্টেটের মধ্যে ফ্রেন্ডস গ্রুপসমূহ পার্কের দর্শনার্থীদের জন্য মানসম্মত অভিজ্ঞতা তৈরি ও বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আমি এই সকল ফ্রেন্ডস গ্রুপকে পার্ক, ট্রেইল ও ঐতিহাসিক এলাকাসমূহের উন্নয়নে তাদের প্রচেষ্টার জন্য প্রশংসা করি - এবং আমি পার্ক অ্যান্ড ট্রেইল নিউ ইয়র্ককে তাদের প্রতি এর সহায়তার জন্য ধন্যবাদ জানাই।"

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) এর কমিশনার বেসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কে কিছু অসাধারণ পার্ক, ঐতিহাসিক এলাকা এবং গণ সমাগমস্থল অবস্থিত এবং গভর্নর কুওমো এই সকল বিশেষ জায়গার তাদের অপ্রতিদ্বন্দ্বী সৌন্দর্যের জন্য প্রতি বছর সারা দুনিয়া থেকে কয়েক লক্ষ লক্ষ আউটডোর ভ্রমণ উৎসাহীদেরকে আকর্ষণ করার যে ক্ষমতা রয়েছে তা অনুধাবন করতে পেরেছেন। পরিবেশগত সুরক্ষা তহবিলে গভর্নরের ঐতিহাসিক বিনিয়োগ স্থানীয় কমিউনিটির অর্থনীতি এবং সেই সকল অসংখ্য অংশীদারদেরকে সহায়তা করে যারা আমাদের নিউ ইয়র্কের পার্ক ও ট্রেইলের সুবিশাল ও রোমাঞ্চকর নেটওয়ার্ককে রক্ষা করা, সংরক্ষণ করা ও দায়িত্বের সাথে প্রচার করার একই মনোভাব শেয়ার করে।"

পার্ক অ্যান্ড ট্রেইলস নিউ ইয়র্ক এর নির্বাহী পরিচালক রবিন ড্রপকিন বলেন, "পার্ক অ্যান্ড ট্রেইল পার্টনারশিপ প্রকল্পের অনুদানসমূহের রূপান্তরমূলক প্রভাবসমূহ এবং নিউ ইয়র্কের অসাধারণ আউটডোর জায়গাসমূহের রক্ষণাবেক্ষণে সেগুলো কীভাবে ফ্রেন্ডস গ্রুপসমূহের সক্ষমতা বৃদ্ধি করে সেটি দেখতে পাওয়া খুবই অনুপ্রেরণাদায়ক। এই সকল অনুদান তহবিল বিভিন্ন গ্রুপকে আরও বেশি বেসরকারি ও ফেডারেল তহবিল সংগ্রহ করা, অধিকতর স্বেচ্ছাশ্রমের ক্ষমতা অর্জন করা এবং পার্ক, ট্রেইল ও অন্যান্য সরকারি আউটডোর জায়গাসমূহে স্টেটের ঐতিহাসিক বিনিয়োগ বাস্তবায়নে সক্ষম করবে।"

কালচারাল অ্যাফেয়ার, ট্যুরিজম, পার্ক অ্যান্ড রিক্রিয়েশানস বিষয়ক সিনেট কমিটির (Senate Committee on Cultural Affairs, Tourism, Parks and Recreation) সভাপতি সিনেটর

হোজে সেরানো বলেন, "স্টেটের পার্কসমূহে প্রতি বছর দর্শনার্থীর সংখ্যা অব্যাহতভাবে বৃদ্ধি পাওয়ায় নিউ ইয়র্কের সুবিশাল প্রাকৃতিক ও ঐতিহাসিক সম্পদসমূহের উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও নিয়ন্ত্রণকারী গ্রুপগুলোকে সহায়তা করা এখন যেকোনো সময়ের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ। পার্ক অ্যান্ড ট্রেইল পার্টনারশিপ প্রকল্প অনুদানসমূহ ফ্রেন্ডস গ্রুপসমূহকে আমাদের পার্ক ও ঐতিহাসিক এলাকাসমূহের রক্ষণাবেক্ষণকারী হিসেবে তাদের ভূমিকাকে শক্তিশালী ও সম্প্রপ্রসারিত করতে সক্ষম করবে যা নিশ্চিত করবে যে স্টেটের সমগ্র নিউ ইয়র্ক বাসিন্দাগণ অব্যাহতভাবে তাদের প্রদত্ত সকল শিক্ষাগত ও বিনোদনগত সুবিধাবলী উপভোগ করতে পারবে।"

ট্যুরিজম, আর্টস, পার্কস অ্যান্ড স্পোর্টস ডেভেলপমেন্ট সংক্রান্ত অ্যাসেম্বলি কমিটির (Assembly Committee on Tourism, Arts, Parks, and Sports Development) সভাপতি অ্যাসেম্বলি সদস্য ড্যানিয়েল জে. ও'ডোনেল বলেন, "আমাদের পার্ক, ট্রেইল এবং সবুজ এলাকাসমূহ অসংখ্য নিউ ইয়র্কের বাসিন্দাদেরকে বিনোদোনের সুবিধাবলীসহ প্রকৃতির সাথে যুক্ত হওয়ার সুযোগ প্রদান করবে। প্রদানকৃত অনুদানসমূহ এই সকল মূল্যবান সম্পদের বিস্তার ও রক্ষণাবেক্ষণে অভাবনীয় ভূমিকা পালন করবে।"

সিনেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটি (Senate Environmental Conservation Committee) এর সভাপতি সিনেটর টড কামিনস্কি বলেন, "নিউ ইয়র্কের পার্ক ও গণ সমাগমস্থলগুলিকে সুসজ্জিত করা শুধুমাত্র পর্যটন এবং অর্থনীতির জন্যই সুফল বয়ে আনবে না বরং আমাদের পরিবেশ ও প্রাকৃতিক সম্পদসমূহ রক্ষা করা কতটা গুরুত্বপূর্ণ সে ব্যাপারে সচেতনতা বৃদ্ধিতেও সহায়তা করে। আমি লং আইল্যান্ড এবং সেইসাথে সামগ্রিকভাবে আমাদের গ্রেট স্টেটে এই সকল অনুদানের সুফলসমূহ দেখার জন্য অধীর আগ্রহে আছি।"

অ্যাসেম্বলি মেম্বার স্টিভ এঙ্গলব্রাইট, এনভায়রনমেন্টাল কনজারভেশন অ্যাসেম্বলি কমিটি (Assembly Committee on Environmental Conservation) এর সভাপতি বলেন, "স্টিওয়ার্ডশিপ সংস্থাসমূহ আমাদের স্টেটের পার্ক ও সরকারি জায়গাসমূহের আনসাং হিরো। আমাদের প্রাকৃতিক এলাকাসমুহের জন্য গভীর ও সামগ্রিক পরিচর্যার উদ্দেশ্যে জন্ম নেওয়া নেওয়া এই সকল ফ্রেন্ডস সংস্থাসমূহ স্বেচ্ছাসেবীগণ কর্তৃক পরিচালিত হয় যারা তাদের হাতা গুটিয়ে রক্ষণাবেক্ষণ করেন, শিক্ষাগত প্রকল্প ও প্রাকৃতিক পথযাত্রায় নেতৃত্ব দেন এবং বিশেষ প্রকল্পসমূহের জন্য তহবিল সংগ্রহ করেন। এই সকল আঞ্চলিক স্টিওয়ার্ডশিপ দলসমূহকে প্রদত্ত অনুদানসমূহ DEC তে স্টেট পার্কসমূহের কাজ বিস্তৃতকরণে সহায়তা করার ক্ষেত্রে ব্যাপক লাভ বয়ে আনছে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন